

বন্যা বিপর্যয় প্রতিক্রিয়া

পটভূমি:

বন্যা ধীরে ধীরে আসতে পারে, বেশ কিছু দিন সময় লাগে তা হতে, অথবা বন্যা কয়েক মিনিটের মধ্যেই ঘটতে পারে, যাকে বলা হয় আকস্মিক বন্যা। খবর শোনার সময়ে আপনি ফ্লাড ওয়াচ বা বন্যার ওপর নজর এবং ফ্লাড ওয়ার্নিং বা বন্যার সতর্কীকরণ এর মতো দুটি পরিভাষা শুনতে পাবেন।

- ফ্লাড **ওয়াচ** অর্থাৎ বন্যা হতে পারে এবং ফ্লাশ ফ্লাড **ওয়াচ** মানে আকস্মিক বন্যা হওয়ার সম্ভাবনা রয়েছে এবং তা কোন রকম সতর্কীকরণ ছাড়াই হতে পারে।
- বন্যার **সতর্কীকরণ** অর্থাৎ বন্যা হচ্ছে অথবা হতে চলেছে।
- আকস্মিক বন্যার **সতর্কীকরণ** অর্থাৎ আকস্মিক বন্যা হচ্ছে।

বন্যা হওয়ার আগে আপনি এমন অনেক কিছু করতে পারেন যাতে আপনার পরিবার এবং সম্পত্তির কম ক্ষতি হয়।

বন্যার আগে:

- আপনি যদি খুব উঁচু এবং শক্ত করে বাড়ি না বানান তবে বন্যা প্রবণ এলাকায় বাড়ি বানানো এড়িয়ে চলুন।
- বন্যার আশঙ্কা হলেই চুল্লী, জল গরম করার হিটার এবং বৈদ্যুতিক প্যানেল উঁচু করুন।
- আপনার বাড়ির নর্দমাগুলি দিয়ে যাতে বন্যার জল প্রবেশ করতে না পারে তার জন্য নর্দমাতে "চেক ভালভ" লাগান।
- আপনার এলাকার বাড়িগুলোতে যাতে বন্যার জল না ঢুকতে পারে তার জন্য আপনার সম্প্রদায়ের কর্মকর্তারা কোন রকম বাঁধ (লেভি, বিম, ফ্লাডওয়াল) নির্মাণ করার পরিকল্পনা করেছেন কিনা তা জানতে তাঁদের সাথে যোগাযোগ করুন।
- আপনার বাড়ির ভূগর্ভস্থ অংশ থেকে যাতে জল ঢুকতে না পারে তার জন্য সেই অংশের দেওয়াল গুলোতে জলাভেদ্য বা ওয়াটারপ্রুফিং যৌগ প্রয়োগ করুন।

বন্যার সময়:



ডিস্ট্রিক্ট অফ কলম্বিয়া সরকার
রচনা:
হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (HSEMA)
সর্বশেষ সংশোধিত: নভেম্বর, 2011



বন্যা বিপর্যয় প্রতিক্রিয়া

যদি আপনার এলাকায় বন্যা হয়, তবে আপনার উচিত:

- তথ্যের জন্য রেডিও এবং টেলিভিশন শুনুন।
- আকস্মিক বন্যা হতে পারে সেই সম্বন্ধে অবগত থাকুন। যদি আকস্মিক বন্যা হওয়ার সম্ভাবনা থাকে, তবে তৎক্ষণাৎ কোনো উঁচু জায়গায় সরে যান। সরে যাওয়ার জন্য নির্দেশের অপেক্ষা করবেন না।
- জলপ্রবাহ, নিকাসী নালা, গিরিখাত এবং অন্যান্য স্থানগুলি যেখানে হঠাৎ করে বন্যা হয় সেই সকল স্থান থেকে সাবধান থাকুন। অতিরিক্ত বৃষ্টিপাতের ফলে কোন রকম সতর্কবাণী ছাড়াও এই সব অঞ্চলে আকস্মিক বন্যা হতে পারে।
- বৈদ্যুতিক সরঞ্জামগুলিকে সংযোগ বিচ্ছিন্ন করুন। আপনি যদি ভিজে অবস্থায় থাকেন বা জলে দাঁড়িয়ে থাকেন তবে বৈদ্যুতিক যন্ত্রপাতি ছেঁবেন না।

বন্যার সময় গাড়ি চালানোর ঘটনা:

বন্যায় কবলিত অবস্থায় গাড়ি চালানোর সময় নিম্নের গুরুত্বপূর্ণ বিষয়গুলি মনে রাখতে হবে:

- যাত্রীবাহী গাড়ির নীচে যদি প্রায় ছয় ইঞ্চি জল থাকে তবে তা বেশিরভাগ গাড়ির নিয়ন্ত্রণ হারানোর অথবা খেমে যাওয়ার কারণ হবে।
- এক ফুট জলে বেশির ভাগ গাড়ীই ভাসবে।
- দুই ফুট প্রবাহমান জল স্পোর্ট ইউটিলিটি ভেহিকেল (SUV's) এবং পিক-আপস সহ প্রায় সব গাড়িকেই ভাসিয়ে নিয়ে যেতে পারে।

বন্যার পরে:

বন্যা পরবর্তী সময়ের জন্য নিম্নলিখিত নির্দেশিকাসমূহ :

- কমিউনিটি (সম্মুদায়)-এর পানীয় জল পান করার যোগ্য আছে কিনা তা জানতে খবর শুনুন।
- বন্যার জল এড়িয়ে চলুন; তেল, গ্যাস এবং কাঁচা নর্দমার দ্বারা জল দূষিত হতে পারে। মাটির তলার বা নীচের বৈদ্যুতিক সংযোগ থেকে জল বৈদ্যুতিকভাবে চার্জও হয়ে থাকতে পারে।
- প্রবাহমান জল এড়িয়ে চলুন।
- যে এলাকাগুলি থেকে জল নেমে গেছে সেই এলাকাগুলিতে সাবধান হোন। রাস্তা হয়ত দুর্বল হয়ে গেছে এবং গাড়ির ওজনে তা ভেঙ্গে পড়তে পারে।
- মাটির নিচের বৈদ্যুতিক লাইনের থেকে দূরে থাকুন এবং পাওয়ার কোম্পানিতে রিপোর্ট করুন।
- যখন কর্তৃপক্ষ অবস্থাকে নিরাপদ ঘোষণা করবে শুধুমাত্র তখনই বাড়ি ফিরুন।
- যদি বন্যার জলে কোন বাড়ি ঘেরা থাকে তবে সে রকম বাড়ি থেকে দূরে থাকুন।
- কোনো বাড়িতে প্রবেশ করার আগে চরম সাবধানতা অবলম্বন করুন; সেখানে হয়ত লুকানো ক্ষয় থাকতে পারে, বিশেষ করে ভিত্তে।
- ক্ষতিগ্রস্ত সেপটিক ট্যাঙ্ক, সেসপুল, পিট এবং লিচিং ব্যবস্থা যত তাড়াতাড়ি সম্ভব সারিয়ে তুলুন। ক্ষতিগ্রস্ত নিকাসী ব্যবস্থা স্বাস্থ্যের জন্য গুরুতর বিপদ।
- যা যা ভিজে গেছে সব কিছুকে পরিষ্কার এবং সংক্রমণ মুক্ত করুন। বন্যার জল সরে যাওয়ার পরে যে মাটি পড়ে থাকে তাতে নিকাসী ময়লা ও রাসায়নিক দ্রব্য থাকতে পারে।



ডিস্ট্রিক্ট অফ কলম্বিয়া সরকার

রচনা:

হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (HSEMA)

সর্বশেষ সংশোধিত: নভেম্বর, 2011

